

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মতার্থিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ/১৭ তাত্ত্ব, ১৪২৭ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৮৫.৩৬.০০২.২০-৯৯ —The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 89A-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে গত ৩১ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখের নং-১০.০০.০০০০.১২৫. ২৫.০০৮.১৮.৩১৫ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত Order এর Article 89A তে উল্লিখিত Article 73(2B), Article 74(2A), (3), (4), (5), (6), Article 78, Article 79, Article 80, Article 81(1) এবং Article 82 এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের নিমিত্ত নিম্ন তফসিলের ৩০ং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার জন্য ৪ নং কলামে বর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তাকে ভোটগ্রহণের পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ০২ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ হতে ০৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নির্যোগ প্রদান করল :

“তফসিল”

ক্রমিক নং	নির্বাচনি এলাকার নম্বর ও নাম	নির্বাচনি এলাকার বিস্তৃতি	কর্মকর্তার নাম, পদবি ও কর্মসূল
১	২	৩	৪
০১	২৩১ সিলেট-৩	(ক) দক্ষিণ সুরমা উপজেলা	জনাব মোঃ মাহবুবুর রহমান ভঁএঁা সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিলেট
০২		(খ) ফেন্দুগঞ্জ উপজেলা	জনাব মোঃ সুমন ভূইয়া মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, সিলেট
০৩		(গ) বালাগঞ্জ উপজেলা	জনাব অঞ্জন কান্তি দাস সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিলেট

(১২৯৯৫)

মূল্য : টাকা ৪.০০

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করত সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিয়োক্ত ছকে প্রেরণ করবেন :

ছক

নির্বাচনি এলাকা :

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিবৃদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গ্রহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

আফরোজা শিউলী

উপসচিব (আইন)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.